দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 MAR 1995

পৃষ্ঠা ১ কলাম ১

252

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৩৭ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

আনোয়ার আলদীন ॥ উচ্চ শিক্ষার্থে বিদেশে অবস্থানের সময়সীমা শেষ হওয়ার পরও বিশ্ববিদ্যালয়ে ফিরিয়া না আসায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১ জন অফিসারসহ ৩৭ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিয়াছে। ইহাদের মধ্যে (১১শ পৃঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

১৯ জনের চাকুরী ইতিমধ্যেই চলিয়া গিয়াছে। অবশিষ্ট ১৮ জনকে অবিলম্বে বিশ্ববিদ্যালয়ে যোগদানের নির্দেশ দিয়া বলা হইয়াছে, অন্যথায় তাহাদের বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করা হইবে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমানে শিক্ষকের সংখ্যা ৮৬২। তন্মধ্যে ১২৬ জন ছুটিতে রহিয়াছেন। ইহাদের মধ্যে ১৮ জনের ছুটি ইতিমধ্যে শেষ হইয়া যাওয়ায় কর্তৃপক্ষ একাধিকবার তাহাদের নামে চিঠি পাঠাইয়াও জবাব পাইতেছে না।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উচ্চ শিক্ষার্থে বিদেশে অবস্থানের জন্য একজন শিক্ষককে সর্বোচ্চ ৪ বছরের ছুটি মঞ্জুর করিয়া থাকেন। এই ৪ বছর কর্তৃপক্ষ উক্ত শিক্ষককে নির্ধারিত হারে বেতন প্রদান করে।

চাকুরীচ্যুত শিক্ষকগণ হইতেছেন: রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ডঃ রওনক জাহান, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের প্রফেসর ফজলে কবির, পদার্থ বিদ্যার প্রফেসর জয়কুমার সারোগী, ডঃ মাহবুবুর রহমান, আবুল আনাম মোঃ সারোয়ার আলম ও সহযোগী প্রফেসর মনোরঞ্জন সরকার, গণ যোগাযোগ ও সাংবাদিকতার সহঃ প্রফেসর মোঃ নূরুল হোসেন, ইংরেজী ডঃ ইমতিয়াজ হাসান, গণিতের সহঃ প্রফেসর আব্দুল গফুর, ব্যবস্থাপনার সহঃ প্রফেসর আবু জাফর চৌধুরী, সহঃ প্রফেসর দেওয়ান রেজাউল করিম, হিসাব বিজ্ঞানের সহঃপ্রফেসর সফিউল্লাহ, আঃ শহীদ, ফিন্যান্সের সহঃ প্রফেসর আনোয়ার হোসেন, ডঃ এইচ,এম, সাদেক ও ডঃ ইউসুফ তালুকদার, পরিসংখ্যানের প্রফেসর আঃ মান্নান, ইসলামের ইতিহাসের প্রফেসর মোঃ আল ফারুক ও আই, বিএ-এর অফিসার এ, কে, মনসুর আহমেদ।